

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

প্রেস বিজ্ঞপ্তি

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের উদ্যোগে ঢাকায় জাতীয় সেমিনার অনুষ্ঠিত

ঢাকা, ১৫ই জুন ২০২২

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা বিনির্মাণে ও এসডিজি ২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে অন্য বৃন্দব্যব সকালে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের আন্তর্জাতিক সম্মেলন কক্ষে আয়োজিত অনুসরণপূর্বক “মাতৃভাষা ও প্রতিবন্ধিতা” শীর্ষক একটি জাতীয় সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারটি সকাল থেকে বিকেল পর্যন্ত দুটি অধিবেশনে অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথির আসন অলংকৃত করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একেএম আফতাব হোসেন প্রামানিক, অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর মহাপরিচালক প্রফেসর ড. হাকিম আরিফ-এর সভাপতিত্বে সেমিনারে প্রথম অধিবেশনে পাঁচটি ভিন্ন ভিন্ন বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন ম্যাশনাল ইনস্টিটিউটে অফ নিউক্লিয়ার মেডিসিন অ্যান্ড অ্যালাইড সাইন্সেস, ঢাকা-এর সহযোগী অধ্যাপক ডা. সাদিয়া সালাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কমিউনিকেশন ডিসঅর্ডারস বিভাগ-এর পিএইচডি গবেষক ও সহকারী অধ্যাপক তামান্না তাসবীন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কমিউনিকেশন ডিসঅর্ডারস বিভাগ-এর সহকারী অধ্যাপক শারমিন আহমেদ ও সহকারী অধ্যাপক অওহিদা জাহান এবং ভাষাবিজ্ঞান বিভাগ-এর সহযোগী অধ্যাপক ড. মনিরা বেগম। প্রবন্ধ উপস্থাপনের পরে প্রশ্নোত্তর পর্বে আলোচনা করেন ড. সালাম নাসরীন, অধ্যাপক, ভাষাবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও ডা. সোনিয়া সুলতানা, কনসালটেন্ট, কমিউনিকেশন ডিসঅর্ডারস বিভাগ, বিজ্ঞানবিদ্যা হাসপাতালস লিমিটেড।

সেমিনারের দ্বিতীয় অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তরুণ গবেষকদের প্রবন্ধ উপস্থাপন করা হয় এবং এপর্বে আলোচনা করেন স্পিচ অ্যান্ড ল্যাংগুয়েজ থেরাপি বিভাগ অ্যান্ড রিহাবিলিটেশন সাইন্সেস বিভাগের সহকারী অধ্যাপক মোঃ শহীদুল ইসলাম মুখা।


১৫/৬/২২
মোঃ মিজানুর রহমান

উপপরিচালক (প্রচার, তথ্য, যোগাযোগ ও জনসংযোগ)
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
মোবাইল: ০১৭২১৪৬০৫৮০
ইমেইল : mizanurr16bcs@gmail.com

